দৈনিক ইত্তেফাক

তারিখ 29 JAN 2006
পৃষ্ঠা কলাম

# শিক্ষার মানোন্নয়নে মাগুরায় সমাবেশ

॥ মাগুরা সংবাদদাতা ॥

শ্রীপুর উপজেলার মাধ্যমিক, উচ্চ মাধ্যমিক ও মাদ্রাসা শিক্ষার সার্বিক মানোন্নয়নের লক্ষ্যে জেলা ও উপজেলা প্রশাসন এক প্রশংসনীয় উদ্যোগ নিয়েছেন। গত ২৩ জানুয়ারি শ্রীপুর উপজেলা প্রশাসনের উদ্যোগে উপজেলার কলেজ, মাধ্যমিক বিদ্যালয় ও মাদ্রাসাগুলোর ায় দু'শ' শিক্ষকদের এক সমাবেশ শ্রীপুর ডিগ্রী কলেজ প্রাঙ্গণে অনুষ্ঠিত হয়। মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক, গণিত ও ইংরেজি বিষয়ের শিক্ষকবৃন্দ, মাদ্রাসার অধ্যক্ষ ও সুপাররা এবং কলেজের অধ্যক্ষ ও ইংরেজি বিষয়ের শিক্ষকরা এ সমাবেশে যোগদান করেন। তারা ত দু'বছরে স্ব স্ব প্রতিষ্ঠানের পাবলিক পরীক্ষা উপস্থাপন করেন। সমাবেশে শিক্ষকমণ্ডলী শিক্ষা ন্নয়নে সম্ভাবনা ও কর্মপরিকল্পনা বিস্তারিত আলোচনা করেন। তারা মুক্ত আলোচনায় াদের পাঠদানে দোষ-ত্রুটির পর্যালোচনা করেন। সকল পরীক্ষায় নকলমুক্ত পরিবেশ বাস্তবায়নের দৃঢ় প্রত্যয় ব্যক্ত করেন। এ ব্যাপারে াসে ছাত্র-ছাত্রীদের তিনটি স্তরে শিক্ষাদান, শেষ পাঠদানের ব্যবস্থা এবং অভিভাবক ও াত্র-ছাত্রীদের বাড়ি বাড়ি গিয়ে শিক্ষায় উদ্বুদ্ধ রার সিদ্ধান্ত নেন। এ সমাবেশে প্রধান অতিথি ছিলেন জেলা প্রশাসক নেয়ামত উল্যা ভুঁইয়া ও শেষ অতিথি ছিলেন পুলিশ সুপার মিয়া লুৎফর রহমান চৌধুরী। সভাপতিত্ব করেন আব্দুস সত্তার শেখ। তারা নকলমুক্ত পরিবেশে পাবলিক পরীক্ষায় পরীক্ষার্থীদের একশ' পারসেন্ট পাসের লক্ষ্যে পাঠদানে আহ্বান জানান। এ ধরনের সমাবেশ এবারই প্রথম।